

### বিজ্ঞপ্তি

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, কর্মক্ষেত্রে অবস্থান, পরীক্ষার ফরম পূরণের সময় ও হলে অবস্থানের জন্য কোভিড-১৯ টিকার সনদ প্রদর্শন আবশ্যিক। সূত্রাং টিকার সনদ প্রাপ্তির লক্ষ্যে নিম্নরূপ নির্দেশনাসমূহ পালন অত্যাবশ্যিক।


(১) যারা কোভিড-১৯ টিকার শুধুমাত্র ১ম ডোজ গ্রহণ করেছেন কিন্তু ২য় ডোজের তারিখ পাননি তাদেরকে ১ম ডোজ গ্রহণের কেন্দ্র থেকে ২য় ডোজ গ্রহণ করতে হবে।

(২) যারা কোভিড-১৯ টিকার রেজিস্ট্রেশন করেছেন কিন্তু টিকা গ্রহণের তারিখ পাননি তাদেরকে টিকার রেজিস্ট্রেশন কার্ডে উল্লেখিত কেন্দ্র থেকে ২টি ডোজ টিকা গ্রহণ করতে হবে।

(৩) জাতীয় পরিচয় পত্র না থাকার কারণে রেজিস্ট্রেশন করতে পারেনি এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ইউনিভ্যাক এ জন্ম নিবন্ধন নম্বরসহ তথ্যাদি প্রেরণ করেনি এমন ছাত্র-ছাত্রী ১৭ ডিজিটের জন্ম নিবন্ধন নম্বর ও জন্ম তারিখ রেজিস্ট্রার অফিসের শিক্ষা ও বৃত্তি শাখায় জমা দিলে তাদের তথ্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাধ্যমে সুরক্ষা অ্যাপ-এ হোয়াইট লিস্টিং এর ব্যবস্থা গ্রহণ করা হবে, যাতে তারা টিকার জন্য রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পারে।

উপরোক্ত বিষয়ে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুশোদনক্রমে,

  
(শেখ রেজাউল করিম)  
রেজিস্ট্রার

প্রাপক :

আহবায়ক/সদস্য/সদস্য-সচিব, টিকা ব্যবস্থাপনা কমিটি, শেকৃবি, ঢাকা।

#### অনুলিপিঃ (সদয় অবগতি/কার্যার্থে)

- ১। পরিচালক, আইসিসি, শেকৃবি, ঢাকা (শেকৃবির ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ২। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ দপ্তর, শেকৃবি, ঢাকা (সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারের জন্য)
- ৩। পিএস টু ভিসি (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
- ৪। ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা ও বৃত্তি), শেকৃবি, ঢাকা
- ৫। পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
- ৬। পিএ টু রেজিস্ট্রার (রেজিস্ট্রার এর সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
- ৭। অফিস কপি